NATIONAL DAIRY DEVELOPMENT BOARD

# গবাদি পশুর কয়েকটি গুরুত্বপূর্ণ রোগের পারম্পরিক উপাচার













INSTITUTE OF TRANSDISCIPLINARY HEALTH SCIENCES & TECHNOLOGY

# পালানপ্রদাহ বা ঠুন্‌কো-সব ধরণের (ম্যাসটাইটিস)



ঘৃতকুমারী





হলুদ



লেবু



কারি পাতা



গুড়



চুন

**উপাদান:**

(ক) ঘৃতকুমারী - ২৫০ গ্রা; (খ) হলুদ - ৫০ গ্রা (গোটা/গুড়া);
(গ) চুন - ১৫ গ্রা; (ঘ) লেবু - ২টি।

**প্রস্তুতিকরণ:**

(১) উপরোক্ত উপাদানগুলিকে (ক, খ, গ) একসঙ্গে বেটে লালচে প্রলেপের মিশ্রণ তৈরী করুন।
(২) লেবু দুটো অর্ধেক করে কাটুন।

**প্রয়োগ:**

(১) ১৫০-২০০ মিলি জলে এক মুঠো মিশ্রণ দিয়ে তরল প্রলেপ তৈরী করুন।
(২) পালান ভালকরে ধুয়ে প্রলেপটি সর্বত্র লাগান।
(৩) দিনে ১০ বার পাঁচ দিন লাগিয়ে দিন।
(৪) দিনে দুইবার দুটো লেবু তিন দিন খাওয়ান।
(৫) দিনের শেষ প্রলেপটা জলের পরিবর্তে সরিষার তেল অথবা তিল তেল (১৫০-২০০ মিলি) দ্বারা লাগাতে হবে এবং তেল সহিত প্রলেপ লাগানোর পূর্বে পালানকে ভালো করে শুকিয়ে নিতে হবে।
(৬) প্রত্যেক বার প্রলেপ লাগাবার আগে পালান ধুয়ে নিয়ে সমস্ত বাঁটের দুধ বার করে নিতে হবে।

**বি:দ্র:** যদি দুধে রক্ত থাকে তাহলে উপরোক্ত ছাড়াও দু'মুঠো কারি পাতা ও গুড়ের মিশ্রণ দিনে দু'বার, অবস্থা ঠিক না হওয়া পর্যন্ত খাওয়ান।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# বাঁট কানা/টিট অবস্ট্রাক্শান



নিম ডাল





হলুদ গুড়ো



মাখন

অথবা



ঘি

**উপাদান:**

ধোয়া তাজা নিম ডাল - ১টি; হলুদ গুড়ো; মাখন অথবা ঘি।

**প্রস্তুতিকরণ:**

(১) বাঁট এর দৈর্ঘ্য অনুসারে নিমডাল টুকরো করুন।
(২) হলুদ ও মাখন/ঘি এর মিশ্রণ ভালকরে নিমডালে লাগান।

**প্রয়োগ:**

(১) মিশ্রণ লেপানো নিমডাল আক্রান্ত বাঁটে ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়ে ঢুকিয়ে দিন।
(২) প্রত্যেকবার দুধ দোয়ানোর পর তাজা মিশ্রণ লেপানো নিমডাল প্রয়োগ করুন।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# পালান ফোলা/আডার ইডিমা



রান্নার
তেল





হলুদ গুড়ো



রসুন

**উপাদান:**

তিল অথবা সর্ষে তেল - ২০০ মিলি; হলুদ গুড়ো - ১ মুঠো; রসুন - ২ কোয়া।

**প্রস্তুতিকরণ:**

(১) হলুদ গুড়ো এবং পাতলা করে কাটা রসুন গরম তেলে দিন।
(২) ভাল করে মেশান যতক্ষণ পর্য্যন্ত গন্ধ উঠছে (সেদ্ধ করার দরকার নেই)।
(৩) ঠাণ্ডা হতে দিন।

**প্রয়োগ:**

(১) চক্রাকারে পুরো ফোলা অংশে ও পালানে চাপ দিয়ে লাগান।
(২) দিনে চারবার তিনদিন প্রয়োগ করুন।

**সতর্কীকরণ:**

ঠুন্‌কো থাকলে এটা প্রয়োগ করবেন না।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# ফুল পড়তে বিলম্ব/ফুল না পড়া (রিটেনশন অফ্ প্লাসেন্টা)



সাদা মূলা





ঢেঁড়শ



গুড়



লবণ

**উপাদান:**

সাদা মূলা - ১টা পুরো; ঢেঁড়শ - ১.৫ কি.গ্রা.;
গুড় - প্রয়োজনমত; লবণ - প্রয়োজনমত।

**প্রস্তুতিকরণ:**

(১) প্রতিটি ঢেঁড়শ দু টুকরো করে কাটুন।

**প্রয়োগ:**

(১) বাছুর জন্মের দু ঘন্টার মধ্যে পুরো ১টা মূলা খাইয়ে দিন।
(২) বাছুর জন্মের আট ঘন্টা পরেও ফুল থেকে গেলে ১.৫ কি.গ্রা. ঢেঁড়শ গুড় ও লবণ মিশিয়ে খাওয়ান।
(৩) বাছুর জন্মের ১২ ঘন্টা পরেও ফুল ভিতরে থেকে গেলে, মূলের খুব কাছে একটা গিট দিন এবং গিটের দু ইঞ্চি নীচে কাটুন ও এভাবে ছেড়ে দিন। গিট ভেতরে চলে যাবে।
(৪) হাত দিয়ে ফুল জোর করে বার করবেন না।
(৫) সপ্তাহে একটি করে মূলা, চার সপ্তাহ খাওয়ান।

**বি:দ্র:** নিশ্চিত করুন যে কাক, মাছি এবং অন্যান্য পোকা যেন উন্মুক্ত ফুলের উপর না বসে।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# বার বার গর্ভধারণ (রিপিট-ব্রিডিং)


মূলা




ঘৃতকুমারী


হাড়জোড়া


সজিনা পাতা


কারি পাতা


লবণ


গুড়


হলুদ গুড়ো

**প্রয়োগ:**

(১) গরম হওয়ার ১ অথবা ২ দিন থেকে চিকিৎসা শুরু করুন।

(২) নিম্নলিখিত ভাবে পরপর তাজা উপাদান প্রয়োগ করুন গুড় ও লবণ সহযোগে।

(ক) পাঁচদিন ১টা করে সাদা মূলা রোজ খাওয়ান।

(খ) চারদিন ১টা করে ঘৃতকুমারী পাতা রোজ খেতে দিন।

(গ) চার মুঠো করে সজিনা পাতা রোজ চারদিন খাওয়ান।

(ঘ) রোজ চার মুঠো করে হাড়জোড়া গাছের ডাঁটা চারদিন খাওয়ান।

(ঙ) চার মুঠো করে কারিপাতা চারদিন হলুদ গুড়ো সহ খাওয়ান ।

(চ) পুনর্বার এই উপাচার প্রয়োগ করুন যদি পশু গর্ভবতী না হয়।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# জরায়ু বের হয়ে আসা/ প্রোলাপ্স



ঘৃতকুমারী নির্যাস





হলুদ গুড়া



লজ্জাবতী পাতা

**উপাদান:**

ঘৃতকুমারী নির্যাস - পুরো একটা পাতা থেকে; হলুদ গুড়া - এক চিমটি; লজ্জাবতী পাতা - দুই মুঠো।

**প্রস্তুতিকরণ:**

(১) ঘৃতকুমারী পাতা থেকে পুরো নির্যাস বের করুন।
(২) নির্যাসের চট্‌চটে ভাব না যাওয়া পর্যন্ত ধুতে থাকুন।
(৩) এক চিমটি হলুদ গুড়া জলে মিশিয়ে যতক্ষণ না পরিমান অর্দ্ধেক হয় সিদ্ধ করুন ।এরপর ঠাণ্ডা করুন।
(৪) লজ্জাবতী পাতার প্রলেপ তৈরী করুন।

**প্রয়োগ:**

(১) বাইরে থাকা অংশ পরিস্কার করুন।
(২) ঘৃতকুমারীর নির্যাস তার ওপর ছিটিয়ে দিন।
(৩) নির্যাস শুকিয়ে গেলে লজ্জাবতী পাতার প্রলেপ লাগান।
(৪) অবস্থার উন্নতি না হওয়া পর্যন্ত পূনর্বার একই ভাবে প্রয়োগ করুন।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# খুরাই/এঁসো রোগ-মুখের ক্ষত (এফএমডি - মাউথ লিজন্স)


জিরা




গোলমরিচ


রসুন


গুড়


হলুদ গুড়া


মেথি


নারকেল

**উপাদান:**

জিরা - ১০ গ্রা.; মেথি - ১০ গ্রা.; গোলমরিচ - ১০ গ্রা.; হলুদ গুড়া - ১০ গ্রা.; রসুন - চার কোয়া; নারকেল - ১টা; গুড় - ১২০ গ্রা.।

**প্রস্তুতিকরণ:**

(১) জিরা, মেথি ও গোলমরিচ ২০-৩০ মিনিট জলে ভেজান।
(২) ভিজা জিরা, মেথি, গোলমরিচ এবং রসুন বেঁটে, হলুদ ও গুড়ের সাথে একটি মিহি প্রলেপ তৈরী করুন।
(৩) একটা নারকেল কুরিয়ে প্রলেপ এর সাথে হাত দিয়ে মেশান।
(৪) প্রত্যেক বার প্রয়োগের জন্য নতুনভাবে এই মিশ্রন তৈরী করুন।

**প্রয়োগ:**

(১) মুখের ভিতর, জিহ্বা ও তালুতে লাগান।
(২) দিনে তিনবার ৩-৫ দিন এটা প্রয়োগ করুন।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# খুরাই/এঁসো রোগ-পায়ের ক্ষত (এফএমডি -ফুট লিজন্স)


মুক্তঝুরি




নিম


রসুন



নারকেল অথবা তিল তেল


হলুদ গুড়া


তুলসী


মেহেন্দি


নোনা আতা পাতা

**উপাদান:**

মুক্তঝুরি পাতা - ১ মুঠো; রসুন - ১০ কোয়া; নিমপাতা - ১ মুঠো; নারকেল/তিল তেল - ২৫০ মি.লি.; হলুদ গুড়া - ২০ গ্রা.; মেহেন্দি পাতা - ১ মুঠো; তুলসী পাতা ১ মুঠো;

**প্রস্তুতিকরণ:**

(১) সমস্ত উপাদান ভালকরে বেঁটে মেশান।

(২) এই মিশ্রণ ২৫০ মি.লি. তেলের সাথে মিশিয়ে সিদ্ধ করুন ও ঠাণ্ডা হতে দিন।

**প্রয়োগ:**

(১) ক্ষতের জায়গা পরিস্কার করে প্রলেপ লাগান অথবা ব্যাণ্ডেজ করেও লাগাতে পারেন।

(২) নোনা আতা পাতার প্রলেপ অথবা কর্পূর মিশিয়ে নারকেল তেল শুধু প্রথম দিন লাগান যদি ক্ষতে পোকা থাকে।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# জ্বর (ফিভার)


ধনে



রসুন


তেজপাতা


গোলমরিচ


জীরা


হলুদ গুড়া




চিরতা/কালমেঘ


পান


তুলসী


গন্ধ পিঁয়াজ


মিষ্টি বেসিল (সুইট বেসিল)


নিম পাতা


গুড়

**উপাদান:**

রসুন - ২ কোয়া; ধনে - ১০ গ্রা.; জিরা - ১০ গ্রা.; তুলসী - ১ মুঠো; শুকনো তেজপাতা - ১০ গ্রা.; গোলমরিচ - ১০ গ্রা.; পান পাতা - ৫টা; গন্ধ পিঁয়াজ - ২ কোয়া; হলুদ গুড়া - ১০ গ্রা.; চিরতা পাতা গুড়া - ২০ গ্রা.; পুদিনা - ১ মুঠো; নিম পাতা - ১ মুঠো; গুড় - ১০০ গ্রা.।

**প্রস্তুতিকরণ:**

(১) জিরা, গোলমরিচ ও ধনে ১৫ মিনিট জলে ভেজান।

(২) সমস্ত উপাদান ভাল করে বেঁটে মিশিয়ে প্রলেপ তৈরী করুন।

**প্রয়োগ:**

(১) সকাল ও বিকেলে অল্প অল্প করে খাওয়ান।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# অতিসার/দাস্ত/পাতলা পায়খানা (ডাইরিয়া)


মেথি




গোলমরিচ


পেঁয়াজ


পোস্তদানা


জীরা


হলুদ গুড়া


রসুন


কারি পাতা


গুড়


হিং

**উপাদান:**

মেথি - ১০ গ্রা.; পিঁয়াজ - ১টা; রসুন - ১ কোয়া; জিরা - ১০ গ্রা.; হলুদ গুড়া - ১০ গ্রা.; কারিপাতা - এক মুঠো; পোস্তদানা - ৫ গ্রা.; গোল মরিচ - ১০ গ্রা.; গুড় - ১০০ গ্রা.; হিং - ৫ গ্রা.।

**প্রস্তুতিকরণ:**

(১) জিরা, হিং, পোস্তদানা ও মেথি শুকিয়ে ভাজুন যতক্ষণ না ধোঁয়া ওঠে।
(২) ঠাণ্ডা হওয়ার পর গুড়া করে রাখুন।
(৩) অন্য সব উপাদানের সাথে বেঁটে মিশিয়ে প্রলেপ তৈরী করুন।

**প্রয়োগ:**

(১) প্রলেপ থেকে ছোট ছোট গুলি তৈরী করুন।
(২) দিনে একবার অল্প করে খাওয়ান, ১-৩ দিন যতদিন পর্যন্ত অসুখ না সারে।

**বি:দ্র:** নিশ্চিত করুন যে প্রাণীটি দীর্ঘকাল স্থায়ী দুর্বলতা যেমন টিবি বা জোনস রোগ থেকে ভুগছে না। নিশ্চিত করুন যে প্রাণীটিকে সঠিক ভাবে ডিওয়ার্মিং বা কৃমিনাশ করা হয়েছে।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# পেট ফোলা ও বদহজম (ব্লোট এণ্ড ইনডাইজেশন)



পেঁয়াজ



রসুন



লঙ্কা





গোলমরিচ



পান পাতা



আদা



হলুদ গুড়া



গুড়



জীরা



লবণ

**উপাদান:**

পেঁয়াজ - ১০০ গ্রা.; রসুন - ১০ কোয়া; শুকনো লঙ্কা - ২টা; জিরা - ১০ গ্রা.; গোলমরিচ - ১০ গ্রা:; হলুদ - ১০ গ্রা.; গুড় - ১০০ গ্রা.; পানপাতা - ১০টা; আদা - ১০০ গ্রা.।

**প্রস্তুতিকরণ:**

(১) গোলমরিচ ও জিরা ৩০ মিনিট ধরে ভেজান।
(২) অন্য সমস্ত উপাদানের সঙ্গে বেঁটে, মিশিয়ে একটি প্রলেপ তৈরী করুন।

**প্রয়োগ:**

(১) প্রলেপ থেকে ছোট ছোট বল তৈরী করুন।
(২) রোজ তিন-চার বার, অল্প অল্প করে তিন দিন খাওয়ান, লবণের সাথে।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# কৃমি (অন্তঃপরজীবী)



পেঁয়াজ





গোলমরিচ



রসুন



হলুদ গুড়া



সর্ষে



নিমপাতা



জীরা



গুড়



কলাগাছের থোড়



দন্তকলস



করলা

**উপাদান:**

পেঁয়াজ - ১টা; রসুন - ৫ কোয়া; সর্ষে - ১০ গ্রা.; নিমপাতা - ১ মুঠো; জিরা - ১০ গ্রা.; করলা - ৫০ গ্রা.; হলুদ গুড়া - ৫ গ্রা.; গোলমরিচ - ৫ গ্রা.; থোড় - ১০০ গ্রা.; দন্তকলস - ১ মুঠো; গুড় - ১০০ গ্রা.।

**প্রস্তুতিকরণ:**

(১) গোলমরিচ, জীরা ও সর্ষে ৩০ মিনিট ভেজান।

(২) অন্য সমস্ত উপাদানের সঙ্গে বেঁটে মিশিয়ে প্রলেপ তৈরী করুন।

**প্রয়োগ:**

(১) ছোট ছোট বল তৈরী করুন প্রলেপ থেকে।

(২) রোজ একবার অল্প করে লবণ মিশিয়ে তিন দিন খাওয়ান।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# এঁটুলি বা বাহ্যপরজীবী (টিক/এক্টোপ্যারাসাইটস)



রসুন





হলুদ গুড়া



নিমপাতা



পুটুশ



বচ/ঘরবচ



রাইজোম



নিমফল



তুলসী

**উপাদান:**

রসুন - ১০ কোয়া; নিমপাতা - ১ মুঠো; বচ - ১০ গ্রা.; হলুদ গুড়া - ২০ গ্রা.; নিমফল - ১ মুঠো; পুটুশ পাতা - ১ মুঠো; তুলসী পাতা - ১ মুঠো, বচ/ঘরবচ রাইজোম - ১০ গ্রা.।

**প্রস্তুতিকরণ:**

(১) সব উপাদান বেঁটে ভালকরে মেশান।
(২) এই মিশ্রণটি ১ লি. পরিস্কার জলে মেশান।
(৩) মসলিন কাপড় বা সরু চালানি দিয়ে মিশ্রণটি ছাকুন।
(৪) স্প্রে বোতলে মিশ্রণটি ভর্ত্তি করুন।

**প্রয়োগ:**

(১) পশুর পুরো শরীরে ছিটিয়ে দিন।
(২) গোয়াল ঘরের ফাটা-ফুটো জায়গাগুলিতে বা অন্য গর্তেও ছিটিয়ে দিন।
(৩) কাপড় ভিজিয়েও এই তরল প্রয়োগ করতে পারেন।
(৪) অবস্থার উন্নতি না হওয়া পর্য্যন্ত সপ্তাহে একবার ব্যবহার করন।
(৫) এই প্রয়োগ শুধু দিনের বেলায় সূর্য্যের আলো থাকাকালীন করবেন।
(৬) প্রয়োগ করার দিন সন্ধ্যায় পশুটিকে ব্রাস দিয়ে শরীরের সমস্ত লোম পরিষ্কার করে নিতে হবে।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।

# বসন্ত বা আঁচিল (পক্স/ওয়ার্ট/ক্রাক্স)


রসুন




মাখন


হলুদ গুড়া


নিমপাতা


জিরা


মিষ্টি বেসিল (সুইট বেসিল)

**উপাদান:**

রসুন - ৫ কোয়া; হলুদ গুড়া - ১০ গ্রা.; জিরা - ১৫ গ্রা.; পুদিনা - ১ মুঠো; নিমপাতা - ১ মুঠো; মাখন - ৫০ গ্রা. ( না পেলে ঘি - ৫০ গ্রা.)।

**প্রস্তুতিকরণ:**

(১) জিরা ১৫ মিনিট জলে ভিজিয়ে রাখুন।
(২) সব উপাদান ভাল করে বেঁটে মিশিয়ে প্রলেপ তৈরী করুন।
(৩) ভালকরে মাখন এর সাথে মেশান।

**প্রয়োগ:**

(১) যতদিন পর্য্যন্ত ক্ষতস্থান ঠিক না হয় ততদিন প্রয়োগ করুন।
(২) শরীর বা চামড়া শুকিয়ে নিয়ে তবেই প্রলেপ লাগান।

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন
ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।



**National Dairy Development Board, Anand**
Phone: 02692-260148, 260149 • Fax: 02692-260157
Website: www.nddb.coop

*facebook.com/NationalDairyDevelopmentBoard*